

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৫/০৩/২০২১ খ্রি.

**২০১৯ সনের অনার্স ১ম বর্ষ (পুরাতন সিলেবাস) অনিয়মিত, মানোন্নয়ন ও বিশেষ পরীক্ষার ফরম পূরণ
সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ২৪/০৩/২০২১ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সনের অনার্স ১ম বর্ষ (পুরাতন সিলেবাস) অনিয়মিত, মানোন্নয়ন ও বিশেষ পরীক্ষার ফরম পূরণের ফি, সময় ও অন্যান্য শর্তাবলি নিম্নরূপ:

অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি ও ফরম জমা দানের শেষ তারিখ: ১০/০৪/২০২১ খ্রি.

বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী জমা দানের শেষ তারিখ: ১১/০৪/২০২১ খ্রি.

অনিয়মিত/মানোন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস, সমাজবিজ্ঞান, দর্শন, ইসলামী শিক্ষা, ইতিহাস, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম	২,২৫৫.০০
পদার্থবিজ্ঞান, প্রাণিবিদ্যা, গণিত	২,৬৫৫.০০
রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, ভূগোল ও পরিবেশ (বিজ্ঞান গ্রুপ)	২,৮৫৫.০০
মনোবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ (মানবিক গ্রুপ)	২,৪৫৫.০০
পরিসংখ্যান	২,৭৩৫.০০
মানোন্নয়ন ১ পত্র (মানোন্নয়ন পরবর্তী প্রতি পত্রের জন্য ২০০/- হারে যোগ করে জমা দিতে হবে)।	১,৪৫৫.০০
বিশেষ মানোন্নয়ন পরীক্ষার্থীদের (২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ শিক্ষাবর্ষের ছাত্রী) পরীক্ষার ফির সাথে জারিমানা বাবদ ৫০০০/- টাকা অতিরিক্ত যোগ করে জমা দিতে হবে।	
বিএসসি বিভাগের ছাত্রীদের ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ প্রতি পত্রের জন্য ১৩০/- (২য় দিনের জন্য ৭৫/-) টাকা হারে সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।	

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং (রকেট, নেব্রাস পে বা এজেন্ট ব্যাংকিং) এর মাধ্যমে পরিশোধ করা যাবে। পরীক্ষার্থীরা প্রথমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে পরীক্ষার আবেদন ফরম পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে আগামী ০৬/০৪/২০২১ তারিখের মধ্যে জমা দিবে এবং ০৭/০৪/২০২১ হতে ১০/০৪/২০২১ তারিখের মধ্যে ফি জমা দিবে। বিভাগসমূহ ফরম জমাকৃত পরীক্ষার্থীদের পরীক্ষার ফিসহ ডাটা তৈরি করে ০৬/০৪/২০২১ তারিখের মধ্যে ইএমএস এর ই-মেইলে প্রেরণ করবেন। কলেজে নগদ টাকা জমা দেয়া যাবে না।

৩. অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):

(ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) Form fill-up বাটন ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর (এসআইএফ ফরমে প্রদত্ত) ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি

প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পারে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে। পরীক্ষার আবেদন ফরম বিভাগে জমা দেয়ার পর আর সংশোধন করা যাবে না।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৮/০৪/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা: ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ২৪/০৩/২০২১ তারিখে প্রকাশিত এ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলি প্রযোজ্য।

 25.03.2021
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৩। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।

